অঙ্কুর

বঙ্গীয় শব্দকোষ

পুং ক্লী [√অঙ্ক্ + উর-ক, উ ১.৩৮; তু 'অঙ্কুর (উ ১.৩৮)]

১ যাহা বীজ হইতে উদ্গত হয়; বীজজাত নব উদ্ভিদ্; বীজোদ্ভব, কলা।

২ বৃক্ষতৃণাদির নূতন প্ররোহ; নবোদ্ভিন্ন তৃণপত্রাদি; কোঁড়।

৩ অঙ্কুরসদৃশ সূক্ষ্মাগ্রভাগ; তীক্ষ্ণ প্রান্ত।

৪ (সাদৃশ্যে) শলাকা, প্রভাপ্রসার।

৫ লোম।

৬ অর্ব্বুদ, আব।

৭ শিশুসন্তান, বালাপত্য।

৮ (গতিশীলত্ব হেতু?) জল।

৯ রুধির।

১০ (বাঙ্‌লায়) কুচের প্রথমাবস্থা; কুচোদ্‌গম।

১১ প্রথমভাগ, প্রারম্ভ, সূচনা, সূত্রপাত।

"রোপিয়া প্রেমের বীজ, অঙ্কুরে মোড়লি বি.প ১৮২। অঙ্কুরের সনে মুদ্গ চৈ.চ ৪৪২। ভস্মের অঙ্কুর ম. ৬২৩। আশা-অঙ্কুর করহ বিলয়।—রবীন্দ্র। সদধি লাজ অঙ্কুর শ্রী.ম ১২৩।

"বংশাঙ্কুর (সুশ্রুত—S.W.)। চিত্রকুম্ভৈশ্চ সাঙ্কুরৈঃ রা ১.৭৩.২১; অঙ্কুরাটৈঃ শরাবৈঃ ২২। দর্ভাঙ্কুর শ ২.১২। অস্বাদাঙ্কুরকন্দ সা.দ ৩.১৭৪। পদ্মাঙ্কুরাণি বিচিণোতি ধুনোতি পক্ষৌ (অ.টী)। চুতাঙ্কুরস্বাদযকায়কণ্ঠঃ কু.স ৩.৩২। চুতাঙ্কুরং ক্ষিপতি শ ৬ ৩/৪। (কাম) চুতাঙ্কুর-শর হস্তে বিহরে প্রকাম (নিবাতকচ-বধ)।

"রদাঙ্কুর (S.W.) নখাঙ্কুরোপোৎটিতহৃৎসরোরুহ ভ ৭.৮.৩১। মকরবক্ত্রদংষ্ট্রাঙ্কুর (নীতিশতক)।

"রত্নাঙ্কুর মাঘ ৩.৬২; কিরণাঙ্কুর ১৩.৫৬।

"মাংসাঙ্কুর (সুশ্রুত—S.W.)।

"অনেন কস্যাপি কুলাঙ্কুরেণ স্পৃষ্টস্য গাত্রেষু সুখং মমেদম্ শ ৭.১৯। অন্বয়াঙ্কুর (দশকুমার)।

"উরজ অঙ্কুর চীপে ঝাঁপায়সি বি.প ১২; কিছু কিছু উতপতি অঙ্কুর ভেল ৪০।

"নাহ দরশ রূপে বিহি কৈল বাদ। অঙ্কুরে ভাঙল বিনি অপরাধ॥ বি.প ১৮৪।